



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১০০/গাজী/ ৪০৬৭

তারিখ: ২২।০৮।২৩

বিষয়: কারণ দর্শনে প্রসঙ্গে।

- সূত্র:
- ১। মোহাম্মদ উমর ফারুক কর্তৃক চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৮/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন।
  - ২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/১০০/গাজী/ ৩০৫৯ তারিখ: ১৪/০৫/২০২৪ ইং।
  - ৩। মো: সুলতান খান কর্তৃক চেয়ারম্যান, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ১৪/০৫/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন।
  - ৪। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪, তারিখ: ১২/০৫/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ।
  - ৫। এডহক কমিটি গঠনের অনুমতির জন্য ই-নথিতে দাখিলকৃত আবেদন।

(ক) উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, সূত্রোক্ত- ৪ নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪, তারিখ- ১২/০৫/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ মোতাবেক, সূত্রোক্ত- ১ নং ক্রমিকে উল্লিখিত উক্ত পিটিশনের পিটিশনার মোহাম্মদ উমর ফারুক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৮/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন (Annexure- 'D') আদেশ প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে বিনা ব্যর্থতায় বিধি মোতাবেক নিষ্পত্তির জন্য রেস্পন্ডেন্ট নং- ৩, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-কে নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য যে, উক্ত পিটিশনে ১০ নং ক্রমিকে প্রধান শিক্ষক, ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুরকে রেস্পন্ডেন্ট হিসেবে অর্তভূক্ত করা হয়েছে।

রিট পিটিশন নং- ৪৭৮১/২০২৪ এর পিটিশনার মোহাম্মদ উমর ফারুক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৮/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদন ও উক্ত পিটিশনের সাথে সংযুক্ত সকল তথ্যাদি পর্যালোচনাতে, ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুর-এর ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধি ৭ ও ৮ ধারায় গঠিত নিয়মিত ম্যানেজিং কমিটি ২০২৪ গঠনের লক্ষ্যে বিধিমোতাবেক প্রিজাইডিং অফিসার হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর নিয়োগপ্রাপ্ত হন। নিয়োগ প্রাপ্তির পরবর্তীতে প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনী তফসিল ঘোষণাপূর্বক নির্বাচনী সকল প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করে গত ০৩/০৮/২০২৪ ইং তারিখে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হয়। বিধি অনুযায়ী, নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি মনোনীত/নির্বাচিত করার উদ্দেশ্যে বিগত ০৮/০৮/২০২৪ ইং তারিখে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসারের সভাপত্তি সভা পরিচালিত হয়। উক্ত সভায় নির্বাচিত সদস্যগণের মধ্যে ০৮ (আট) জন সদস্যের প্রত্যক্ষ ভোটের মাধ্যমে মোহাম্মদ উমর ফারুক সভাপতি পদে নির্বাচিত হলেও, দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি পদে মোহাম্মদ উপমর ফারুক-কে 'সভাপতি পদে নির্বাচিত হিসেবে ঘোষণা না করে' অঙ্গত কারণে সভাটি অসমাপ্ত রেখে সভাস্থল ত্যাগ করে চলে যান।

উল্লেখ্য যে, নির্বাচিত ০৮ (আট) জন সদস্য উক্ত পিটিশনার মোহাম্মদ উমর ফারুক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর গত ২১/০৮/২০২৪ ইং তারিখে দাখিলকৃত আবেদনে (Annexure- 'D') উপরোক্ত বর্ণিত বিষয়ের সাথে সহমত পোষণ করে সদস্যগণের নাম উল্লেখসহ পদের বিপরীতে তাদের স্থীয় স্থানের প্রদান করেছেন।

উপরোক্ত বর্ণিত বিষয়ে প্রধান শিক্ষক, ধামলই উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুর তৎক্ষণিকভাবে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাকে অবহিতকরণ-সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন নাই। উপরন্ত, হঠকারিতার আশ্রয় গ্রহণ করে বোর্ডের ই-নথিতে এডহক কমিটি গঠনের অনুমতি প্রাপ্তির জন্য আবেদন দাখিল করেছেন। যা মোটেই কাম্য নয় এবং বিষয়টি গ্রহনযোগ্য নয়।

এমতাবস্থায়, উপরোক্তিত বর্ণিত বিষয়ে বোর্ডকে অবহিতকরণ-সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করায় এবং হঠকারিতার আশ্রয় গ্রহন করে বোর্ডের ই-নথিতে এডহক কমিটি গঠনের অনুমতি প্রাপ্তির জন্য আবেদন দাখিল করায়, ‘কেন প্রধান শিক্ষকের বেতন-ভাতা (এমপিও) বন্দের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হবে না’ মর্মে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে কারণ দর্শনোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: প্রধান শিক্ষক  
ধামলই উচ্চ বিদ্যালয়  
হয়দেবপুর, শ্রীপুর, গাজীপুর


মেমো নং- ৪০৬৭ (২)

তারিখ : ২২। ০৬। ২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ৭। সুলতান খান, পিতা- মো: শহীদ খান, ধামলই, হয়দেবপুর, শ্রীপুর, গাজীপুর।
- ৮। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

  
২২। ০৬। ২০২৪